# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শিশু, এতীম ও পাগলের মালেও যাকাত ফরয কি?

যাকাত ফরয হয় মালে। তাই তা ফরয হওয়ার জন্য মালিকের জ্ঞানসম্পন্ন ও সাবালক হওয়া শর্ত নয়। বলা বাহুল্য শিশু, এতীম ও পাগলের মালেও যাকাত ফরয। তাঁদের তরফ থেকে তাঁদের অভিভাবক (অলী বা অসী) হিসাব করে আদায় করবে। এতে বাহ্য দৃষ্টিতে মাল কমতে থাকলেও বাস্তবে তাঁদের মালে বরকত বৃদ্ধি পাবে। তাছাড়া অভিভাবকের উচিৎ, তাঁদের মাল ব্যবসায় বিনিয়োগ করা।২৩০ (আল-মুমতে ৬/২৬-২৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=175

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন